প্রথম পাতা

# বাসমাহ বুলেটিন

জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...

মার্চ-২০২০

**BASMAH** BULLETIN
March-2020

# টেকনাফে বৃহৎ পরিসরে হেল্‌থ পোস্ট উদ্বোধন









জনাব খালেদ হোসাইন (ক্যাম্প ইনচার্জ)




জনাব মীর সাখাওয়াত হোসাইন (বাসমাহ প্রতিষ্ঠাতা)




আমন্ত্রিত ক্যাম্প পরিচালক ও মুরুব্বীগণ

বাসমাহ ফাউন্ডেশনের নিবেদিত প্রাণ কর্মীগণের ঐকান্তিক প্রচেষ্টায় আলহামদুলিল্লাহ খুব অল্প সময়ের ভেতরেই বাসমাহ ফাউন্ডেশনের ৭ম মেডিকেলের নির্মাণ কাজ শেষ হয়েছে।

চলতি মাস মার্চের ১ তারিখে কক্সবাজারের টেকনাফ থানাধীন পশ্চিম লেদায় নির্মিত বাসমাহ হেলথ্ পোস্টের উদ্বোধনী অনুষ্ঠানে উপস্থিত ছিলেন BASMAH USA এর সম্মানিত CEO এবং বাসমাহ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা জনাব মীর হুসাইন স্যার, এছাড়াও উপস্থিত ছিলেন ২৬ ও ২৭ নং শরণার্থী ক্যাম্পের CIC খালেদ হোসাইন, টেকনাফ উপজেলা নির্বাহী অফিসার মুহাম্মাদ সাইফুল ইসলাম, শরণার্থী ত্রাণ ও প্রত্যাবাসন কমিশনারের (RRRC) হেল্‌থ কো-অর্ডিনেটর ডাঃ আবু তোহা এবং হ্নীলা ইউনিয়ন পরিষদের সংরক্ষিত মহিলা সদস্য মর্জিনা আক্তার সিদ্দিকী সহ স্থানীয় ব্যাক্তিবর্গ, পবিত্র কুরআন তিলাওয়াতের মাধ্যমে সূচিত অনুষ্ঠানে আমন্ত্রিত অতিথিগণ বাসমাহ'র কার্যক্রম ও প্রস্তুতি দেখে সন্তুষ্টি প্রকাশ করেন, এসময় উপস্থিত রোহিঙ্গা শরণার্থী শিবিরের ক্যাম্প পরিচালক, মুরুব্বিগণ ও স্থানীয় ব্যাক্তিদের উদ্দেশ্যে বাসমাহ ফাউন্ডেশনের লক্ষ্য,উদ্দেশ্য ও পরিকল্পনা তুলে ধরেন বাসমাহ প্রতিষ্ঠাতা জনাব মীর হুসাইন স্যার। অনুষ্ঠান শেষে সকলকে নিয়ে মোনাজাতের মাধ্যমে উদ্বোধনী অনুষ্ঠানের পরিসমাপ্তি ঘটে।



## কক্সবাজার আঞ্চলিক কর্মীদের সঙ্গে বিশেষ বৈঠক

বাসমাহ ফাউন্ডেশনের প্রতিষ্ঠাতা ও ব্যবস্থাপনা পরিচালক জনাব মীর সাখাওয়াত হোসাইন সাহেব গত ১লা মার্চ টেকনাফের পশ্চিম লেদায় বাসমাহ হেল্‌থ পোস্ট উদ্বোধনের পর কক্সবাজার আঞ্চলিক শাখার সকল কর্মীদের নিয়ে এক বিশেষ বৈঠক করেন। এসময় তিনি কর্মীদের উদ্দেশ্যে উৎসাহ ও উদ্দীপনা মূলক বক্তব্য প্রদানের পাশাপাশি সবাইকে দায়িত্ব সচেতন হওয়ার প্রতি গুরুত্বারোপ করেন। তিনি বলেন, বাসমাহ ফাউন্ডেশন একটি সেবা ও কল্যাণমূলক সংস্থা। সুতরাং আমাদের সবার মাঝে সেবার মানসিকতা থাকতে হবে। আমরা যদি মানুষের উপকার করতে পারি, অসহায়দের সহায় হতে পারি তাহলে নিশ্চয় এর উত্তম প্রতিদান আল্লাহ তাআলা আমাদেরকে দেবেন। অবশেষে ফাউন্ডেশনের উত্তরোত্তর উন্নতি কামনা করে বৈঠকের পরিসমাপ্তি ঘটানো হয়।


উপদেষ্টা: মীর সাখাওয়াত হোসাইন
সম্পাদক: আবু মুহাম্মাদ জুনাইদ

অর্থ সহযোগীতায় Basmah

ব্যবস্থাপনায় BASMAH Foundation

BASMAH Foundation

# বাসমাহ বুলেটিন

জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...

মার্চ-২০২০

BASMAH BULLETIN
March-2020









## বাসমাহ ফাউন্ডেশনের নিজস্ব তত্ত্বাবধানে উৎপাদিত নির্ভেজাল সবজি বিতরণ

মাটি আল্লাহ তায়া'লার অপার কুদরতের একটি ক্ষুদ্র নিদর্শন, যা কি না সভ্যতার ক্রমবিকাশের সকল উৎস আর নিদর্শন ধারণ করে আছে। খাদ্য উৎপাদন থেকে বহুতল ভবন নির্মাণে, ক্ষুদ্রাতিক্ষুদ্র জীবের আবাসস্থল থেকে সুবিশাল মহীরূহে, পানি পরিশোধন থেকে জলবায়ু সুরক্ষায় এমনকি সংস্কৃতি বিনোদনেও কোথায় নেই মাটির অবদান?

কিন্তু এই মাটির প্রতি আমরা কতটা সদাচরণ করে থাকি?

অপরিকল্পিত নগরায়ন, পাহাড় কর্তন, ব্যাপক হারে বনভূমি ধ্বংস করণ। অধিক লাভের আশায় মাটিতে ক্ষতিকর মেডিসিন মিশিয়ে অপুষ্টিকর খাদ্য উৎপাদন ইত্যাদির মাধ্যমে আমরা প্রতিনিয়ত মাটির স্বাভাবিক স্বাস্থ্য নষ্ট করে ফেলছি। একবিংশ শতাব্দীতে এসে আমাদের চাহিদা পূরণে মমতাময়ী মৃত্তিকা রীতিমতো হিমশিম খাচ্ছে।

এখনই সময়, মাটি সম্পর্কে নিজে সচেতন হওয়া এবং অপরকে সচেতন করার।

অন্যথায় যে ক্ষতি নেমে আসবে তা পূরণ করার সাধ্য করো থাকবে না।

হুম, বলছিলাম মাটির আশ্চর্যজনক গুণের কথা। অহেতুক ফেলে না রেখে একটু যত্ন নিলেই মাটি আমাদেরকে তার সর্বোচ্চটা দিতে প্রস্তুত। পৃথিবীতে এতো এতো মানুষ, সবার খাবারের চাহিদাটা মাটিই কিন্তু অবলীলায় পূরণ করে যাচ্ছে।

টেকনাফের সাবরাং, ফতেহ আলী পাড়ায় বাসমাহ ফাউন্ডেশন গড়ে তুলেছিলো বাসমাহ এগ্রো প্রকল্প।

এবারের শীত মৌসুমের শুরুতে বাসমাহ'র কৃষি ক্ষেত্রে আবাদ করা হয়েছে টমেটো, বেগুন, আলু ঢেঁড়স ইত্যাদি।

মাশাআল্লাহ ফলনও হয়েছে প্রচুর।

গত মাসজুড়ে এসব ফসল বিতরণ করা হয়েছে বাসমাহ পরিচালিত ৬টি স্কুলের শিক্ষার্থীদের মাঝে।

পরিশেষে সকল প্রশংসা মহান আল্লাহর প্রতি, তিনি কোরআন মাজিদে বলেছেন-

'মানুষ তার খাদ্যের প্রতি লক্ষ করুক। আমি তো অঝর ধারায় বৃষ্টি বর্ষণ করেছি। অতঃপর মাটিকে বিদীর্ণ করেছি। আর তাতে উৎপন্ন করেছি শস্যাদি, আঙুর, শাকসবজি, জলপাই, খেজুর, বহু বৃক্ষ বিশিষ্ট বাগান, ফল-ফলাদি ও ঘাস। এসব তোমাদের ও তোমাদের পালিত পশুকুলের জীবনধারণের জন্য' (সূরা আবাছা : আয়াত ২৪-৩২)।

## শিক্ষা খাতে বাসমাহ'র চলমান কার্যক্রম।








বড় হতে হলে সুশিক্ষায় শিক্ষিত হতে হবে।

শিখতে হবে সৌহার্দ্য এবং শৃঙ্খলা।

শিক্ষিত ও শৃঙ্খলবদ্ধ একটি প্রজন্ম গড়তে ধনীদের পাশাপাশি গরীব ঘরের সন্তানদেরও যত্ন নিতে হবে। সমাজের একটি শ্রেণীকে পাশ কাটিয়ে সফল একটি প্রজন্ম গড়ার প্রত্যাশা করা বোকামীই বৈকি।

তাই বাসমাহ ফাউন্ডেশন অবহেলিত ও অসচ্ছল পরিবারের সন্তানদের শিক্ষা অধিকার বাস্তবায়নের লক্ষ্যে Education Project নিয়ে নিরলস-ভাবে কাজ করে যাচ্ছে। আলহামদুলিল্লাহ এই প্রকল্পের আওতায় রোহিঙ্গা শরণার্থী শিবিরে ৬টি শিক্ষাকেন্দ্রে প্রায় সারে চার শত শিক্ষার্থী পড়াশোনা করছে। এবং এবছরের শুরু থেকে লালমনিরহাট, ময়মনসিংহ, সিরাজগঞ্জ, নওগাঁ ও নারায়ণগঞ্জের দারিদ্র্য পীড়িত বিভিন্ন এলাকায় বাসমাহ ফাউন্ডেশে-নর ব্যবস্থাপনায় আরও ৫টি শিক্ষাকেন্দ্র চালু হয়েছে। এতে প্রায় আড়াই শত অবহেলিত ও গরীব শিক্ষার্থী প্রাথমিক শিক্ষালাভ করছে।





BASMAH Foundation

# বাসমাহ বুলেটিন

জীবন আলোকিত করো, বদলে দাও পৃথিবী...

মার্চ-২০২০

BASMAH BULLETIN
March-2020




## ৭টি মেডিকেল ক্যাম্পে চলছে নিরবিচ্ছিন্ন চিকিৎসা সেবা।

নিজ দেশ থেকে বিতাড়িত অসহায় রোহিঙ্গা শরণার্থী-দের মাঝে চিকিৎসা সেবা দেয়ার লক্ষ্যে গত দেড় বছর আগে উখিয়া থানাধীন শরণার্থী ক্যাম্পের বিভিন্ন গুরুত্বপূর্ণ পয়েন্টে ৬টি মেডিকেল ক্যাম্প প্রতিষ্ঠা করেছিল বাসমাহ ফাউন্ডেশন। আলহামদুলিল্লাহ বাসমাহ ধারাবাহিকভাবে মানসম্মত চিকিৎসা সেবা দিয়ে আসায় উপকারভোগী রোগীরা সন্তুষ্টি প্রকাশ করেছে। চিকিৎসার গুনগত মান নিশ্চিত করতে মেডিকেল ক্যাম্পে যোগ্য ও অভিজ্ঞ ডাক্তারের পাশাপাশি কাজ করে যাচ্ছে অভিজ্ঞতা সম্পন্ন নার্স ও ফার্মাসিস্ট। এসব ক্যাম্পে চিকিৎসা সেবা থেকে শুরু করে ঔষধ-পথ্য সবই প্রদান করা হচ্ছে সম্পূর্ণ বিনামূল্যে। ৬টি মেডিকেল ক্যাম্পের ধারাবাহিক সফলতার পর এবার টেকনাফের পশ্চিম লেদায় প্রতিষ্ঠিত হলো বাসমাহ'র ৭ম মেডিকেল ক্যাম্প। এসব মেডিকেল ক্যাম্প নির্মাণে বাসমাহ ফাউন্ডেশনকে আর্থিক সহায়তা দিয়েছে আমেরিকান দাতা সংস্থা BASMAH USA




## বয়সন্ধিকালীন নারী স্বাস্থ্যসচেতনতা ও বিনামূল্যে সেনিটারি ন্যাপকিন বিতরণ



"তুমি নিরাপদ তো প্রজন্ম নিরাপদ"

হ্যাঁ, আগামী প্রজন্মের নিরাপত্তা তখনই নিশ্চিত হতে পারে, যখন মায়েরা নিরাপদ থাকে।

বয়সন্ধিকালীন নারী স্বাস্থ্য বিষয়ক সচেতনতা ও ফ্রি সেনিটারি ন্যাপকিন বিতরণের প্রোগ্রাম নিয়ে জানুয়ারি মাসের ন্যায় গত ফেব্রুয়ারি মাসেও সোনারগাঁওয়ের বিভিন্ন অঞ্চলে ক্যাম্পেইন করেছে বাসমাহ ফাউন্ডেশন।

গ্রামাঞ্চলের অনেক নারীই তাদের স্বাস্থ্য নিয়ে তেমন সচেতন নয়। বিশেষত পিরিয়ড চলাকালীন স্বাস্থ্যসম্মত পদ্ধতি অবলম্বন, পরিচ্ছন্নতা ইত্যাদি বিষয়ে বহু নারীর সম্মক ধারণা নেই।

অনেকে অর্থাভাবেও স্বাস্থ্যসম্মত পদ্ধতি অবলম্বন করতে পারেন না। তাদের জন্য বাসমাহ Women's Safety প্রকল্পের মাধ্যমে কাজ করে যাচ্ছে।

গ্রামের নারীদের পাশাপাশি সোনারগাঁওয়ের তাহেরপুর লালমিয়া উচ্চ বিদ্যালয় এবং তাহেরপুর ইসলামিয়া আলিম মাদরাসার বয়সন্ধিকালীণ শিক্ষার্থীদের মাঝে সচেতনতা মূলক বক্তব্য এবং ফ্রি সেনিটারি ন্যাপকিন বিতরণ করা হয়েছে।







## যোগাযোগ

Phone: +8801709-258625
basmahfoundation@gmail.com

fb.com/basmahfoundation
http://www.basmah-bd.org

সাদিপুর, বড়নগর, সোনারগাঁ, নারায়ণগঞ্জ, বাংলাদেশ।